



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
ফোন: +০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: +০২ ৯২৯১০৩০
Email: pr@nu.edu.bd

১২ সেপ্টেম্বর, ২০১৩

স্নাতক (সম্মান) শ্রেণিতে গ্রেডিং পদ্ধতিতে প্রমোশন ও অন্যান্য বিষয় প্রবর্তিত নতুন রেগুলেশন

সার্বিক শিক্ষার পরিবেশ ও শিক্ষার্থীদের কথা বিবেচনা করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে গ্রেডিং পদ্ধতিতে প্রমোশন সহ অন্যান্য বিষয়ে নিয়ম-নীতি যুগোপযোগী ও আধুনিকীকরণ করার লক্ষ্যে বিদ্যমান রেগুলেশন সংশোধন করে নিম্নবর্ণিত রেগুলেশন করেছে-

BA, BSS এবং BBS এর ক্ষেত্রে

১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D grade, ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে ৫০% কোর্সে অর্থাৎ ন্যূনতম ৩টি তত্ত্বীয় কোর্সে D grade, ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য ৫০% কোর্সে অর্থাৎ ন্যূনতম ৪টি তত্ত্বীয় কোর্সে D grade পেতে হবে।

B.Sc এর ক্ষেত্রে

১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D grade, ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D grade, ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৪টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D grade পেতে হবে।

অন্যান্য বিধান

১ম, ২য়, ৩য় বা ৪র্থ বর্ষে F গ্রেড পাওয়া কোর্সগুলো ভর্তির ছয় শিক্ষাবর্ষের মধ্যে অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্স পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন, একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশী প্রাপ্ত হবে না।

উল্লেখ্য যে, কোন কোর্সে F গ্রেড থাকলে পরীক্ষার্থী অনার্স ডিগ্রী পাবে না। তবে রেজিস্ট্রেশন মেয়াদ শেষে কোন পরীক্ষার্থী একাধিক F গ্রেডসহ ন্যূনতম ১০০ credit অর্জন করলে তাকে পাস ডিগ্রী প্রদান করা হবে।

২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পর থেকে স্নাতক (সম্মান) শ্রেণীর ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের প্রত্যেক তত্ত্বীয় কোর্সের ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স পরীক্ষা ২০% নম্বরে এবং তত্ত্বীয় ফাইনাল পরীক্ষা ৮০% নম্বরে এবং ২০০৯-১০ শিক্ষাবর্ষের জন্য ৩য় ও ৪র্থ বর্ষে, ২০১০-১১ ও ২০১১-১২ শিক্ষাবর্ষে ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের তত্ত্বীয় কোর্সে প্রতি ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স পরীক্ষা ২০% নম্বরে এবং তত্ত্বীয় ফাইনাল পরীক্ষা ৮০% নম্বরে অনুষ্ঠিত হবে। প্রত্যেক বর্ষের ক্লাস শুরু থেকে ১৫ সপ্তাহের মধ্যে প্রতিটি কোর্সের অর্ধেক পাঠ্যসূচী শেষ করে পঠিত অংশের উপর কোর্স শিক্ষককে একটি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে। একইভাবে পরবর্তী ১৫ সপ্তাহের মধ্যে পাঠ্যসূচীর বাকী অর্ধেক শেষ করে এ অংশের উপর আর একটিসহ মোট ২টি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে। অভ্যন্তরীণভাবে উন্নরপত্র মূল্যায়ন করে ইন-কোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বরপত্রের এক কপি জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়